ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪২২
আগরতলা, ১৯ অক্টোবর, ২০২৩

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ৩ অক্টোবর, ২০২৩ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘ঘোষনাই সার, আয়ুষ্মান প্রকল্পে বঞ্চিতরা বঞ্চিতই রয়ে গেল’ শিরোনামে প্রকাশিত সংবাদ ত্রিপুরা স্বাস্থ্য সুরক্ষা সমিতি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। ত্রিপুরা স্বাস্থ্য সুরক্ষা সমিতি প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানিয়েছে, গত ২৩ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে দেশব্যাপী আয়ুষ্মান ভারত- প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার সূচনা হয়েছিল। আর্থিকভাবে দুর্বল শ্রেণীর মানুষের কল্যাণে এই প্রকল্পের সূচনা করা হয়। সোসিও ইকনোমিক কাস্ট সেন্সাস অনুযায়ী উপযুক্ত পরিবার আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় এসেছে। এছাড়াও, সক্রিয় আরএসবিওয়াই কার্ড হোল্ডারদের মধ্যে যাদের কার্ড ২০১৬ কিংবা এর পরে ইস্যু হয়েছে যারা সোসিও ইকনোমিক কাস্ট সেন্সাস-র অন্তর্ভুক্ত নয় তাদেরও এই সুবিধা দেওয়া হচ্ছে।

ত্রিপুরায় মোট ৪,৯০,৯৬৪টি উপযুক্ত পরিবার আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় এসেছে। আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় অন্তর্ভুক্ত নয় এমন আরও প্রায় ৫৯,০০০টি যোগ্য পরিবারকে ন্যাশনাল হেলথ অথরিটি সম্প্রতি এই যোজনায় অন্তর্ভুক্তির নির্দেশিকা দিয়েছে যা বাস্তবায়িত করার পদক্ষেপ নেওয়া হয়েছে। এই প্রকল্পে নতুন পরিবার অন্তর্ভুক্তির প্রসঙ্গে আরও জানানো হচ্ছে যে, রাজ্য সরকার রাজ্যের সমস্ত জনগণের জন্য সংবেদনশীল। তাই কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত- প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আদলে রাজ্য সরকারের তরফে একটি সর্বজনীন স্বাস্থ্য বীমা যোজনা চালু করার প্রস্তাব রাখা হয়েছে। যা বাস্তবায়িত হলে রাজ্যের অবশিষ্ট সকল পরিবার সর্বজনীন স্বাস্থ্য বীমা যোজনার আওতায় আসবে। দৈনিক সংবাদ পত্রিকা এই স্পস্টিকরণ গুরুত্ব দিয়ে যথাযথ স্থানে প্রকাশ করবে বলে ত্রিপুরা স্বাস্থ্য সুরক্ষা সমিতি আশা প্রকাশ করছে।

******